## উপজেলা পরিষদ বাজার মূল্য পর্যবেক্ষন, মনিটরিং ও নিয়ন্ত্রন স্থায়ী কমিটির সভার কার্য বিবরনী ঃ

সভাপতি: জনাব মোছাঃ আয়েশা সুলতানা,
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ,
জীবননগর, চুয়াডাঙ্গা ।

সভার স্থান: উপজেলা পরিষদ সভাকক্ষ ।
তারিখ: ০৫/১১/২০২৩ খ্রিঃ
সময়: সকাল ১১.০০ ঘটিকা।

(সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা বিবরণী রেজিষ্টারে সংরক্ষিত আছে:)

উপস্থিতি পরিশিষ্ট"ক"-তে দেয়া হলো।

**আলোচনা:**

সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর আলোচ্য সূচী অনুযায়ী আলোচনা করার জন্য তিনি উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সদস্য সচিব জীবননগরকে অনুরোধ করেন। সভাপতি মহোদয়ের অনুমতি ক্রমে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক তথা সদস্য সচিব উপজেলা পরিষদ বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রন স্থায়ী কমিটি, সভায় জানান যে, বাজারে নৃত্য প্রয়োজনীয় দ্রব্যের কোন সংকট নেই। নিত্যপণ্য সামগ্রীর বাজার মূল্য সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে রয়েছে। চলমান শীতকালীন সময়ে বাজারে কাচা সবজি কৃষকগণ আনায়ন করছেন এবং শীতের সবজী বাজারে পর্জাপ্ত পরিমাণ সবজী থাকায় সবজীর দাম সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে রয়েছে। গত পনের দিনের খাদ্য শস্যর বাজার দর বর্তমানে উর্দ্ধমূখি ঃ-

| পণ্যের নাম | পাইকারী দর | | খুচরা দর | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | নিম্নদর | উচ্চদর | নিম্নদর | উচ্চদর | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| চাল (মোটা) | ৪৮/= | ৪৯/= | ৪৯/= | ৫০/= | |
| চাল মাঝারী | ৫৫/= | ৫৭/= | ৫৮/= | ৬২/= | |
| চাল চিকন | ৬৬/= | ৬৭/= | ৭০/= | ৭২/= | |
| ধান | ৩০/= | ৩১/= | ৩২/= | ৩৩/= | |
| গম | ৪৩/= | ৪৪/= | ৪৪/= | ৪৫/= | |
| আটা | ৩৭/= | ৩৮/= | ৩৮/= | ৪০/= | |
| আটা প্যাকেট | ৪৪/= | ৪৬/= | ৪৬/= | ৫০/= | |
| চিনি | ১৩০/= | ১৩২/= | ১৩২/= | ১৩৪/= | |
| লবণ | ২৪/= | ২৫/= | ২৬/= | ২৭/= | |
| সরিষার তৈল | ১৬০/= | ১৬৫/= | ১৭০/= | ১৭৫/= | |
| সুয়বিন তৈল | ১৬৪/= | ১৬৫/= | ১৬৫/= | ১৭০/= | |
| পিয়াজ | ৯৫/= | ১০০/= | ১১০/= | ১২০/= | |

সরকারী খাদ্য গুদামে পর্যাপ্ত মজুত রয়েছে। বিদেশ থেকেও চাল, গম ও পেয়াজ আমদানী অব্যাহত রয়েছে। সরকারী ভাবে মজুত বৃদ্ধি পাওয়ায় এবং সরকারের নানাবিধ প্রচেষ্টা অব্যাহত থাকায় বর্তমানে চাল, গম ও আটার বাজার মূল্য অস্বাভাবিক রয়েছে। নিত্য পণ্য সামগ্রীর বাজার মূল্য স্বাভাবিক ও সহনীয় পর্যায়ে রাখতে সরকার অসহায় ব্যক্তিদের মাঝে টিসিবি খাতে খাদ্যশস্য (চাল) বিক্রয়সহ নানাবিধ কর্মসূচী চলমান অবস্থায় রয়েছে। এরই অংশ হিসাবে বন্যা ও দুর্যোগ প্রবণ এলাকায়, শিল্প এলাকা, বিভাগীয় শহর, জেলা শহর ওএমএস চাল, আটা বিক্রয় অব্যহত আছে। চাল-এর বাজার মূল্য ঠিক রাখতে চলতি নভেম্বর/২০২৩ মাসে খাদ্যবান্ধব কর্মসূচী খাতে ইউনিয়ন পর্যায়ে ৩৭৭৫ জন উপকারভোগির মধ্যে ৩৭৪৫ জন উপকারভোগী, প্রতি উকারভোগি ৩০ (ত্রিশ) কেজি হিসাবে ৩০ নভেম্বর-২০২৩ তারিখের মধ্যে চাল উত্তোলন ও চাল বিতরণ করা হবে। ভিডব্লিউবি খাতে চলতি মাসে চাল-এর বরাদ্দ প্রাপ্ত হওয়ায় প্রতি মাসের ন্যায় নভেম্বর/২০২৩ মাসের ৩৭.৬৮০ মেঃ টন চাল দুস্থদের মাঝে বিতরণ হয়েছে। সভায় উপস্থিত সদস্যবৃন্দ জানান যে, বিক্রেতা বা ব্যবসায়ীগণ যেন পণ্যের কৃত্রিম সংকট তৈরী ও অবৈধ ভাবে মজুত গড়ে তুলে যেন পণ্যের মূল্য বৃদ্ধি করতে না পারে সে দিকে কড়া নজরদারীর ব্যবস্থা রাখতে হবে। পণ্যের সঠিক ওজন নিশ্চিত করতে হলে সব ধরনের ব্যবসায়ী ও বিক্রেতাকে ডিজিটাল ওজন স্কেলের ব্যবহার নিশ্চিত করতে হবে। উপস্থিত সদস্যবৃন্দ সভায় আরো জানান যে, ব্যবসায়ীরা যেন ইচ্ছামত পণ্যের মূল্য নির্ধারন করে সাধারণ মানুষের ঠকাতে না পারে সেজন্য প্রতিটি দোকানে মূল্য তালিকা টাঙানোর ব্যবস্থা নিশ্চিত করতে হবে এবং অসাধু ব্যবসায়ী ও মজুতদারগণ যেন পণ্যের কৃত্রিম সংকট তৈরী ও অবৈধ মজুত গড়ে তুলে পণ্যের মূল্য বৃদ্ধি করতে না পারে তার জন্য নিত্য পণ্য সামগ্রী ব্যবসায়ী প্রতিনিধিদের সাথে মাঝে মাঝে মতবিনিময়সহ বহুল প্রচারের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

উপরোক্ত মতামতের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়:-

**সিদ্ধান্ত সমুহ:**

১। নিত্য প্রয়োজনীয় দ্রব্যের বাজার মূল্য স্থিতিশীল ও সহনীয় পর্যায়ে রাখতে নিবিড় ভাবে বাজার মনিটরিং এর সিদ্ধান্ত গৃহিত হয়।

২। ব্যাবসায়ী ও বিক্রেতাগণ যেন পণ্যের কৃত্রিম সংকট তৈরী করে পণ্যের মূল্য বৃদ্ধিসহ সাধারণ মানুষের ঠকাতে না পারে সেজন্য গণমাধ্যম কর্মীসহ সংশ্লিষ্ট সকলকে কঠোর নজরদারী করার জন্য অনুরোধ করা হয়।

৩। ওজন পরিমাপের ক্ষেত্রে ব্যবসায়ীদের ডিজিটাল ওজন যন্ত্রে পণ্যের পরিমাপ নিশ্চিত সহ পণ্যের মূল্য তালিকা প্রকাশ্য স্থানে টাঙানোর ব্যবস্থা নিশ্চিত করার জন্য বাজার কমিটির সভাপতি/সম্পাদকের দৃষ্টি আকর্ষন করা হলো।

৪। উপজেলা প্রশাসনকে বাজার মূল্য নিয়ন্ত্রন আইন, ভোক্তা অধিকার আইন ও নিরাপদ খাদ্য আইনের আওতায় বড় বড় হাট বাজারে মোবাইল কোর্ট পরিচালনার জন্য অনুরোধ করা হয়।

৫। অসাধু ব্যবসায়ীরা যাতে খাদ্যপণ্যে ভেজাল ও ক্ষতিকর কেমিক্যাল না দিতে পারে সেজন্য নিবির ভাবে পর্যবেক্ষনের জন্য প্রেস মিডিয়ার সাংবাদিকসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৫/১১/২৩
(মোছাঃ আয়েশা সুলতানা)
ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ
ও
সভাপতি
বাজার মূল্য পর্যবেক্ষন, পরিদর্শন ও নিয়ন্ত্রন কমিটি
জীবননগর, চুয়াডাঙ্গা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
জীবননগর, চুয়াডাঙ্গা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-১৩.০৫.১৮৫৫.৪০২.০৬.০২০.১৯- ৪৬১

তারিখ ঃ ০৫/১১/২০২৩ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো-

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
২। উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা।
৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
৪। চেয়ারম্যান, কেডিকে ইউনিয়ন পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
৫। চেয়ারম্যান, হাসাদহ ইউনিয়ন পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
৬। চেয়ারম্যান, সীমান্ত ইউনিয়ন পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গ
৭। সভাপতি/সম্পাদক বাজার কমিটি, জীবননগর, চুয়াডাঙ্গা।
৮। অফিস নথি অত্র দপ্তর।

০৫/১১/২০২৩
(মোঃ নূরুন্নবী)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
জীবননগর, চুয়াডাঙ্গা।

**পরিশিষ্ট "ক"**

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | মোঃ খায়রুল বাসার (শিপলু) | চেয়ারম্যান, কেডিকে ইউনিয়ন, জীবননগর | স্বাক্ষরিত/- | |
| ২ | মোঃ রবিউল ইসলাম | চেয়ারম্যান, হাসাদাহ ইউনিয়ন, জীবননগর | স্বাক্ষরিত/- | |
| ৩ | মোঃ ইশাবুল ইসলাম (মিল্টন) | চেয়ারম্যান, সীমান্ত ইউনিয়ন, জীবননগর | স্বাক্ষরিত/- | |
| ৪ | মোঃ নূরুন্নবী | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জীবননগর, চুয়াডাঙ্গা | স্বাক্ষরিত/- | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
জীবননগর, চুয়াডাঙ্গা।
Email-ucf.jibannagar@gmail.com

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ১৩.০৫.১৮৫৫.৪০২.০৬.০২০.১৯-৪৫৯ তারিখ: ০১/১১/২০২৩ খ্রিঃ

## সভার নোটিশ

জীবননগর উপজেলার বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রন স্থায়ী কমিটির সম্মানীত সকল সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ০৫/১১/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ সভাকক্ষে বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রন স্থায়ী কমিটির এক জরুরী সভা আহবান করা হয়েছে। উক্ত সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য সম্মানিত সকল সদস্যগণকে অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচী:**

১। বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং।
২। বিবিধ।

(মোঃ নূরুন্নবী)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
জীবননগর, চুয়াডাঙ্গা।

স্মারক নং ১৩.০৫.১৮৫৫.৪০২.০৬.০২০.১৯-৪৫৯ তারিখ: ০১/১১/২০২৩ খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য-

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
২। উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা।
৩। মহিলা ভাইস, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
৪। চেয়ারম্যান, কে ডি কে ইউনিয়ন পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
৫। চেয়ারম্যান, হাসাদাহ ইউনিয়ন পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
৬। চেয়ারম্যান, সীমান্ত ইউনিয়ন পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
৭। সভাপতি/ সম্পাদক, বাজার কমিটি, জীবননগর, চুয়াডাঙ্গা।
৮। অফিস কপি।

(মোঃ নূরুন্নবী)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
জীবননগর, চুয়াডাঙ্গা।

## উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রন স্থায়ী কমিটির সভায় উপস্থিতি

অদ্য ০৫/১১/২০২৩ খ্রিঃ তারিখের সকাল ১১.০০ ঘটিকার সময় উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ও বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রন স্থায়ী কমিটির সভাপতি, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিতিঃ

সভাপতিঃ জনাব মোছাঃ আয়েশা সুলতানা
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ,
জীবননগর, চুয়াডাঙ্গা।

সভার স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

তারিখঃ ০৫/১১/২০২৩ খ্রিঃ
সময়ঃ সকাল-১১.০০ ঘটিকা।

| ক্রমিক নং | নাম | পদবী ও মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ২ | মোঃ খায়রুল বাসার | চেয়ারম্যান কে ডি কে | [signature] |
| ৩ | মোঃ রবিউল ইসলাম | চেয়ারম্যান, হাসাদাহ | [signature] |
| ৪ | মোঃ ইনামুল ইসলাম | চেয়ারম্যান [illegible] ইউপি | [signature] |
| ৫ | মোঃ নুরুন্নবী | [illegible] | [signature] |
| | | | |
| | | | |